# শ্রীমদ্ভাগবতম্

## দ্বিতীয় স্কন্ধ

মূল, অন্বয়, মূলানুবাদ,
শ্রীধরস্বামি-বিরচিত টীকা ও তার বঙ্গানুবাদসহ

অনুবাদিকা
অধ্যাপিকা গীতা মাইতি

উদ্বোধন কার্যালয়
কলকাতা

# শ্রীমদ্ভাগবতম্

## ॥ দ্বিতীয়ঃ স্কন্ধঃ ॥

### প্রথমোঽধ্যায়ঃ

শ্রীশুক উবাচ

বরীয়ানেষ তে প্রশ্নঃ কৃতো লোকহিতং নৃপ।
আত্মবিৎসম্মতঃ পুংসাং শ্রোতব্যাদিষু যঃ পরঃ ॥ ১ ॥

**অন্বয় ও শব্দার্থ ঃ** শ্রীশুক উবাচ (শ্রীশুক বললেন), নৃপ (হে রাজা), পুংসাং (মানবের) শ্রোতব্যাদিষু (শ্রবণাদি বিষয়ের মধ্যে) যঃ পরঃ (যা শ্রেষ্ঠ) তে কৃতঃ (আপনার দ্বারা করা হয়েছে), এষঃ প্রশ্নঃ (এই প্রশ্ন) বরীয়ান্ (প্রশংসনীয়) আত্মবিৎসম্মতঃ (আত্মজ্ঞানীদের দ্বারা অনুমোদিত) লোকহিতম্ (অতএব এটি কল্যাণজনক) ॥ ১ ॥

**বঙ্গানুবাদ ঃ** শ্রীশুকদেব বললেন, হে রাজন, আপনি মানবের পক্ষে শ্রেষ্ঠ শ্রোতব্যাদি বিষয়ে যে প্রশ্ন করেছেন, তা অত্যন্ত সাধু ও প্রশংসনীয় এবং সকল আত্মজ্ঞ মুক্তপুরুষদের নিকট সর্বতোভাবে স্বীকৃত। সুতরাং প্রশ্নটির দ্বারা জগতে সকলেরই পরম মঙ্গল সাধিত হবে ॥ ১ ॥

**শ্রীধরটীকা ঃ**

যন্নামকীর্তনং দানং তপোযোগাদিসৎফলম্।
তং নিত্যং পরমানন্দং হরিং নরমহং ভজে ॥
দ্বিতীয়ে তু দশাধ্যায়ৈঃ শ্রীভাগবতমাদিতঃ।
উদ্দেশ[১]লক্ষণোক্তিভ্যাং সংক্ষেপেনোপবর্ণ্যতে ॥
তত্র তু প্রথমাধ্যায়ে কীর্তনশ্রবণাদিভিঃ।
স্থবিষ্ঠে ভগবদ্রূপে মনসো ধারণোচ্যতে ॥
(অথ দ্বিতীয়স্কন্ধ ব্যাখ্যা)
উক্তঃ পূর্বমুপোদ্ঘাতঃ[২] সপ্রসঙ্গঃ শুকাগমঃ।
রাজ্ঞা পৃষ্টং নৃণাং কৃত্যমথাহ শুকসন্মুনিঃ ॥

রাজ্ঞঃ প্রশ্নমভিনন্দতি—বরীয়ানিতি। তে ত্বয়া পুংসাং শ্রোতব্যাদিষু মধ্যে যঃ পরঃ শ্রেষ্ঠঃ প্রশ্নঃ কৃতঃ, এষ বরীয়ান্। যতো লোকহিতমেতৎ মোক্ষহেতুত্বাৎ। আত্মবিদাং মুক্তানাং চ সম্মতো যতঃ ॥ ১ ॥

**টীকানুবাদ ঃ** দান, তপস্যা ও যোগসাধনের পুণ্যফল কেবল যাঁর নামকীর্তনেই অর্জিত হয়, সেই নিত্য, আনন্দস্বরূপ, পুরুষোত্তম শ্রীহরিকে আমি ভজনা করি।

---

১ উদ্দেশঃ—নাম্না কীর্তনং উদ্দেশঃ—ভগবানের নামোচ্চারণ করে গুণকীর্তনকে উদ্দেশ বলে।

২ উপোদ্ঘাতঃ—চিন্তাৎ প্রকৃতসিদ্ধ্যর্থং উপোদ্ঘাতং বিদুঃ বুধাঃ (প্রাক্‌কথন বা Introductory lecture)